দৈনিক ইনকিলাব

৬২৬

তারিখ ... ... SEP. 0 1 .1998
পৃষ্ঠা ৮ কলাম ৭

# বরিশালে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের কাল মহাসমাবেশ

বরিশাল ব্যুরো ঃ আগামীকাল (বৃহস্পতিবার) বরিশালে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির বিভাগীয় সমাবেশ। সকাল দশটায় বরিশাল টাউন হলে অনুষ্ঠেয় এ সমাবেশে বরিশাল বিভাগের ৬টি জেলা ছাড়াও মাদারীপুর ও এর সন্নিহিত এলাকায় পাঁচ হাজারের অধিক বেসরকারী প্রাথমিক শিক্ষক অংশগ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে। সমাবেশে সমিতির মহাসচিব আলহাজ আক্কাস আলী শেখ প্রধান অতিথি থাকবেন। সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি মোঃ সামসুল আলমের সভাপতিত্বে ঐ সমাবেশে মৃগেন্দ্র মোহন সাহা ও মহিউদ্দিন খন্দকার বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন।

বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি দেশের সব বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষকমন্ডলীর চাকরি জাতীয়করণের এক দফা দাবী নিয়ে এখন আন্দোলন শুরু করেছে। দীর্ঘদিন ধরে দেশের প্রায় ২৫ হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের লক্ষাধিক শিক্ষক তাদের চাকরি ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জাতীয়করণের দাবী নিয়ে আন্দোলন করে আসছে। আগামী শীত মৌসুমে এসব শিক্ষকগণ তাদের এক দফা বাস্তবায়নের দাবীতে পুনরায় ব্যাপক কর্মসূচী নিয়ে রাজপথে নামবে বলে আভাস পাওয়া গেছে।

এ লক্ষ্যেই দেশের পাঁচটি বিভাগীয় শহরে মহাসমাবেশ অনুষ্ঠিত হচ্ছে। সংগঠনকে শক্তিশালী করা ছাড়াও এক দফার পক্ষে শিক্ষকদের মতামত গ্রহণের জন্য এসব মহাসমাবেশ অনুষ্ঠিত হচ্ছে।

বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি এম সামসুল আলম জানান, আমরা আমাদের দাবী ও আন্দোলন থেকে এক চুলও পিছপা হচ্ছি না। যে কোন মূল্যে দেশের বেসরকারী প্রাথমিক শিক্ষকদের এ জীবন-মরণ লড়াই আমাদের চালিয়ে যেতে হবে। এ লক্ষ্যে আমরা শিক্ষকবৃন্দকে সংগঠিত করছি এবং প্রতিটি বিভাগে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের এ ধরনের সমাবেশ অনুষ্ঠানের উদ্যোগ নিচ্ছি। আগামীকাল বরিশালের সমাবেশের পরে রাজশাহী, সিলেট ও চট্টগ্রামের সমাবেশ অনুষ্ঠিত হবে বলেও তিনি জানান।